# নির্বাচনী ইশতেহার
## রংপুর-০৪ (পীরগাছা-কাউনিয়া)

### কৃষি ও চরাঞ্চল উন্নয়ন

- চর বিষয়ক মন্ত্রণালয়ঃ চরাঞ্চল মানুষের স্থায়ী ভাগ্য পরিবর্তনে জাতীয় পর্যায়ে একটি আলাদা মন্ত্রণালয় গঠনের দাবী ও উদ্যোগ গ্রহণ করা হবে।
- তিস্তা সমস্যা স্থায়ী সমাধানে জাতীয় পর্যায়ে উদ্যোগ গ্রহণ করা হবে।
- তিস্তা পাড়ের কৃষকদের সুরক্ষাঃ তিস্তা নদীবিধৌত কৃষকদের জন্য বিশেষ আর্থিক সহায়তা প্রকল্প, ভর্তুকি ব্যবস্থা করা হবে।
- সরকারি কোল্ড স্টোরেজ ও ফুড প্রসেসিংঃ কৃষকের পচনশীল পণ্য (উৎপাদিত নানা ধরনের সবজি) সুরক্ষায় সরকারি হিমাগার এবং প্রক্রিয়াজাতকরণ কারখানা স্থাপন করা হবে।
- বীজ সংরক্ষণাগার ও সার ব্যাংকঃ প্রান্তিক কৃষকের সংকট নিরসনে ইউনিয়ন পর্যায়ে 'সরকারি সার ব্যাংক' ও আধুনিক বীজ সংরক্ষণাগার গড়ে তোলা হবে।
- আলুর বৈশ্বিক বাজারঃ আলু উৎপাদন ও সংরক্ষণে আধুনিক প্রযুক্তি ব্যবহার এবং আলুর ন্যায্যমূল্য নিশ্চিত করতে বাণিজ্য মন্ত্রণালয়ের সাথে সমন্বয় করে সরাসরি বৈদেশিক রপ্তানির বাজার সৃষ্টির উদ্যোগ নেওয়া হবে।
- কৃষকদের জন্য আধুনিক ও সমন্বিত চাষ পদ্ধতির প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হবে।
- শ্রম অঞ্চল : হারাগাছ শ্রম অঞ্চলসহ শ্রমিকদের জীবনমান উন্নয়নে ন্যায্য মজুরী নিশ্চিত করাসহ স্বাস্থ্য বীমার আওতায় নিয়ে আসা।
- পাটের সোনালী দিন ফিরিয়ে আনতে পাটের ন্যায্যমূল্য নিশ্চিতকরণ, এলাকায় পাটজাত পণ্যের বহুমুখী ক্ষুদ্র শিল্প গড়ে তোলা এবং পরিবেশবান্ধব পাটের ব্যাগ ও পণ্যের ব্যবহার প্রসারে বিশেষ সহায়তা প্রদান করা হবে।

### স্বাস্থ্য ও সামাজিক সুরক্ষা

- ইউনিয়ন এম্বুলেন্স সেবাঃ প্রতিটি ইউনিয়নে জরুরী রোগী ও গর্ভবতী নারীদের জন্য সার্বক্ষণিক সরকারি এম্বুলেন্স সেবা নিশ্চিত করা হবে।
- সমন্বিত স্বাস্থ্য ব্যবস্থাঃ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের শয্যা সংখ্যা বৃদ্ধি, শূন্য পদে ডাক্তার নিয়োগ, বিনামূল্যে ঔষধ সরবরাহ এবং খাবারের মান তদারকিতে বিশেষ সেল গঠন করা হবে।

CamScanner

- হারাগাছ পৌরসভা ও চর স্বাস্থ্যসেবা: হারাগাছ পৌরসভা স্বাস্থ্য কমপ্লেক্সের মানোন্নয়ন এবং চরাঞ্চলের মানুষের জন্য বিশেষায়িত স্থায়ী স্বাস্থ্যসেবা কেন্দ্র স্থাপন করা হবে।

- মাতৃস্বাস্থ্য: গর্ভবতী নারীদের জন্য এলাকায় ভ্রাম্যমান আলট্রাসনোগ্রাম ও দক্ষ চিকিৎসক ও নার্সদের সমন্বয়ে পরীক্ষা নিরিক্ষার মাধ্যমে নিরাপদ স্বাস্থ্যসম্মত উপায়ে 'নরমাল ডেলিভারির সু-ব্যবস্থা করা হবে।

- সামাজিক নিরাপত্তা ও মর্যাদা: বয়স্ক ভাতা, বিধবা ভাতাসহ সকল সামাজিক নিরাপত্তা বেষ্টনীকে রাজনৈতিক প্রভাবমুক্ত করে প্রকৃত প্রাপকের হাতে পৌঁছে দেওয়া হবে।

- পিছিয়ে পড়া জনগোষ্ঠীর উন্নয়ন: দলিত, হরিজন, সাঁওতাল সম্প্রদায়ের জীবনমান উন্নয়নে শিক্ষা ও কর্মসংস্থানের বিশেষ সহায়তা প্রদান করা হবে এবং নিরাপত্তা নিশ্চিত করা হবে।

- সমন্বিত স্বাস্থ্য নেটওয়ার্ক: ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্র ও কমিউনিটি ক্লিনিকের সাথে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের ডিজিটাল সমন্বয় সাধন করা হবে।

## শিক্ষা ও মানবসম্পদ উন্নয়ন

- কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র: বেকার যুবকদের কর্মসংস্থান নিশ্চিত করতে এলাকায় আধুনিক কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন করা হবে।

- রোড টু হায়ার স্টাডিজ: প্রাথমিক ও মাধ্যমিক স্তরে কুইজ, বিতর্ক, অলিম্পিয়াড, বক্তৃতা, অংকনসহ ও নানা রকম কো-কারিকুলাম কার্যক্রম বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ করা হবে, শিক্ষার্থীদের উচ্চশিক্ষার সঠিক গাইডেন্স ও মেধা বিকাশে বিশেষ কাউন্সিলিং প্রোগ্রাম চালু করা হবে।

- মেধাবৃত্তি ও সংবর্ধনা: প্রাথমিক ও মাধ্যমিকের কৃতি শিক্ষার্থীদের জন্য উপজেলা ভিত্তিক বিশেষ মেধাবৃত্তি ও বার্ষিক পুরস্কারের ব্যবস্থা করা হবে।

- মক্তব ও মন্দির ভিত্তিক শিক্ষার আধুনিকায়ন: ধর্মীয় বুনিয়াদি শিক্ষাকে যুগের সাথে তাল মিলিয়ে আরও আধুনিক ও শিশুবান্ধব করা হবে।

- প্রাথমিক শিক্ষার মানোন্নয়ন: উপজেলা ভিত্তিক শিক্ষা কার্যক্রম মূল্যায়ন করে পাঠদানের গুণগতমান আধুনিকায়ন ও যুগোপযোগী উদ্যোগ গ্রহণ করা হবে।

- পাঠাগার ও ডিজিটাল লাইব্রেরি: প্রতিটি ইউনিয়নে একটি করে আধুনিক পাঠাগার এবং উচ্চগতির ইন্টারনেট সম্বলিত ডিজিটাল লাইব্রেরি স্থাপন করা হবে।

CamScanner

**অর্থনীতি ও নারী :**

- কুটির শিল্পের বিকাশ: গ্রামীণ নারীর কর্মসংস্থান সৃষ্টিতে প্রতিটি এলাকায় কুটির শিল্পের প্রসার এবং উৎপাদিত পণ্য বাজারজাতকরণে সহায়তা করা হবে।
- নারী উদ্যোক্তা ও বিনাসুদে ঋণ: নারীদের স্বাবলম্বী করতে সরকারি ও বেসরকারি ভাবে উদ্যোগ গ্রহণ করা হবে।
- নারীদের জন্য পাবলিক প্লেসে আধুনিক শৌচাগার, ব্রেস্টফিডিং কর্নার এবং নিরাপদ স্যানিটেশন ব্যবস্থা নিশ্চিতকরণ।

**কর্মসংস্থান :**

- বিশেষ অর্থনৈতিক অঞ্চল: স্থানীয় এলাকায় কলকারখানা স্থাপনের মাধ্যমে বেকারত্ব দূর করতে বিশেষ অর্থনৈতিক অঞ্চল গড়ে তোলা হবে।
- জনশক্তি রপ্তানি ও প্রশিক্ষণ: নিরাপদ অভিবাসন নিশ্চিত করতে দক্ষ জনশক্তি তৈরি, আধুনিক ট্রেনিং সেন্টার এবং ভাষা শিক্ষা কেন্দ্র স্থাপন করা হবে।
- আউটসোর্সিং ও ফ্রিল্যান্সিং: তরুণদের জন্য হাই-টেক প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন এবং ফ্রিল্যান্সিং ল্যাপটপ ক্রয়ে বিনাসুদে ঋণের ব্যবস্থা করা হবে।
- কর্মসংস্থান সৃষ্টিতে তরুণ উদ্যোক্তাদের প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করাসহ সরকারি ও বেসরকারি বিনিয়োগর ব্যবস্থা করা।
- নিরাপদ ব্যবসা নিশ্চিতসহ চাঁদাবাজ মুক্ত ব্যবসায়ীক পরিবেশ তৈরি করা।
- সরকারি ও বেসরকারিভাবে গবাদি পশুর খামার করতে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ।

**পরিবেশ সুরক্ষা**

- পরিবেশের ভারসাম্য রক্ষায় প্রতিটি রাস্তার দুই ধারে ও শিক্ষা প্রতিষ্ঠানে ব্যাপক হারে ফলজ বৃক্ষসহ সামাজিক বনায়ন কর্মসূচি বাস্তবায়ন করা হবে।

CamScanner

## সুশাসন, স্বচ্ছতা ও বিচার ব্যবস্থা

- "জনসেবা সেন্টার"- শিক্ষিত তরুণদের হাত ধরে ডিজিটাল সেবা (প্রশাসনিক, আইনগত, দাপ্তরিক ও চিকিৎসা) কাউনিয়া ও পীরগাছার একটি করে 'জনসেবা সেন্টার' গড়ে তোলা হবে। গ্রামের সাধারণ মানুষ যাতে সরকারি সেবা নিতে গিয়ে দালালের খপ্পরে না পড়েন, সেটিই হবে আমাদের মূল লক্ষ্য।

- তথ্য প্রদর্শনী বোর্ডঃ সরকারি প্রকল্পের সকল তথ্য ও বরাদ্দের হিসাব জনগণের অবগতির জন্য প্রতিটি ইউনিয়ন জনসমাগম স্থলে প্রদর্শনী বোর্ডের মাধ্যমে উন্মুক্ত রাখা হবে।

- কুইক রেসপন্স টিম (ভূমি): বিশেষজ্ঞ আইনজীবীদের সমন্বয়ে জমির বিরোধ নিষ্পত্তিতে একটি দ্রুত সাড়াদানকারী দল গঠন করা হবে।

- গ্রাম আদালত ও সালিশি ব্যবস্থাঃ ন্যায়বিচার নিশ্চিতে গ্রাম আদালতকে গতিশীল করা হবে এবং সামাজিক সালিশি ব্যবস্থাকে রাজনৈতিক প্রভাবমুক্ত ও পক্ষপাতহীন করে তোলা হবে।

- ত্রৈমাসিক পর্যালোচনাঃ প্রতি তিন মাসে এলাকার উন্নয়ন নিয়ে জনগণের সাথে পীরগাছা ও কাউনিয়ায় দুইটি সরাসরি মতবিনিময় সভার আয়োজন করা হবে।

## ক্রীড়া ও যুব উন্নয়ন

- ক্রীড়া কমপ্লেক্স ও জিমনেসিয়ামঃ তরুণদের শারীরিক ও মানসিক বিকাশের জন্য আধুনিক জিমনেসিয়ামসহ ক্রীড়া কমপ্লেক্স নির্মাণ করা হবে।

- মাদক নিরাময় ও প্রতিরোধ সেলঃ মাদক দমনে জিরো টলারেন্স নীতি এবং আসক্তদের স্বাভাবিক জীবনে ফেরাতে সরকারি উদ্যোগে আধুনিক 'মাদক নিরাময় কেন্দ্র' স্থাপন করা হবে।

- শিশু বিনোদন কেন্দ্রঃ সরকারি উদ্যোগে শিশুদের মানসিক বিকাশের জন্য শিশু বিনোদন কেন্দ্র গড়ে তোলা হবে।

CS CamScanner

## টেকসই ও আধুনিক অবকাঠামো উন্নয়ন

- স্মার্ট কানেক্টিভিটি: ইউনিয়ন পর্যায়ের সকল কাঁচা রাস্তা পাকাকরণ এবং প্রধান সড়কগুলোর প্রশস্তকরণ ও নিয়মিত সংস্কার নিশ্চিত করা হবে।
- বর্জ্য ব্যবস্থাপনা ও ড্রেনেজ: জলাবদ্ধতা নিরসনে পরিকল্পিত ড্রেনেজ সিস্টেম এবং আধুনিক বর্জ্য ব্যবস্থাপনা গড়ে তোলা হবে।
- নিরাপদ সড়ক : রংপুর - কুড়িগ্রাম মহাসড়কে দূর্ঘটনা এড়াতে কাউনিয়া বাসস্ট্যান্ডসহ গুরুত্বপূর্ণ বাজারে ফুটওভার ব্রিজ নির্মাণসহ যোগাযোগের নিরাপদ ব্যবস্থা নিশ্চিত করা।
- বাজার ব্যবস্থাপনা: গুরুত্বপূর্ণ হাট-বাজারে প্রয়োজনীয় অবকাঠামোগত উন্নয়নসহ কৃষি পণ্যের ন্যায্য মূল্য নিশ্চিত করণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।
- সেতু ও কালভার্ট: চরাঞ্চল ও দুর্গম এলাকার যাতায়াত সহজ করতে প্রয়োজনীয় ব্রিজ ও কালভার্ট নির্মাণ করা হবে।
- রেল যোগাযোগ: কাউনিয়া ও পীরগাছায় রেল স্টেশনগুলোর অবকাঠামোগত উন্নয়ন, রেল লাইন ব্রডগেজ করা, উত্তর বঙ্গ থেকে ঢাকা (বগুড়া থেকে সিরাজগঞ্জ) দূরত্ব কমিয়ে সরাসরি রেলপথ বিনির্মাণে উদ্যোগ গ্রহণ করা হবে।
- সৌর বিদ্যুৎ ব্যবস্থা: প্রধান সড়ক ও জনবহুল স্থানে সৌরচালিত স্ট্রিট লাইট স্থাপনের মাধ্যমে রাতের পথ নিরাপদ করা হবে।
- ধর্মীয় ও সামাজিক প্রতিষ্ঠান: মসজিদ, মন্দির, ঈদগাহ এবং শ্মশানের অবকাঠামোগত উন্নয়ন ও সৌন্দর্যবর্ধনে বিশেষ বরাদ্দ দেওয়া হবে।

## পর্যটন ও ঐতিহাসিক স্থাপনা সংরক্ষণ

- ঐতিহাসিক স্থান সংরক্ষণ: এলাকার প্রাচীন ঐতিহ্য ও ঐতিহাসিক স্থানগুলোকে সংস্কার করে পর্যটন উপযোগী করা হবে।

**আখতার হোসেন**
সদস্য সচিব (এনসিপি)
ও
সংসদ সদস্য পদপ্রার্থী (রংপুর-০৪)

CamScanner